# FYUG Odd Semester Exam., 2025

## BENGALI

**( 1st Semester )**

Course No. : BNGAEC–101T

( ভাষাতত্ত্ব ও উনিশ শতকের বাংলা সাহিত্য )

*পূর্ণমান : ৫০*

*উত্তীর্ণমান : ২০*

*সময় : ২ ঘণ্টা*

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## UNIT—I

১। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) আগন্তুক শব্দ কাকে বলে?

(খ) তৎসম শব্দের একটি উদাহরণ লেখো।

(গ) 'সরকার' শব্দটি বাংলায় কোন্ ভাষা থেকে এসেছে?

(ঘ) বাংলার একজন ভাষাতাত্ত্বিকের নাম লেখো।

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) পর্তুগিজ শব্দ থেকে বাংলায় এসেছে এরূপ দুটি শব্দের উল্লেখ করো।

(খ) টীকা লেখো : বিদেশি শব্দ।

৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫

(ক) বাংলা শব্দভাণ্ডারের অন্তর্গত আগন্তুক শব্দগুলির পরিচয় দাও।

(খ) উদাহরণসহ তদ্ভব শব্দের সংক্ষিপ্ত পরিচয় দাও।

## UNIT—II

৪ । যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) কোন্ রীতিতে ক্রিয়াপদ ও সর্বনামের সংক্ষিপ্ত রূপ ব্যবহৃত হয় ?

(খ) তৎসম বা সংস্কৃত শব্দের ব্যবহার কোন্ রীতিতে বেশি ?

(গ) বাংলা গদ্যে চলিত রীতির যে কোনো একজন পৃষ্ঠপোষকের নাম লেখো ।

(ঘ) 'যাব' শব্দটিকে সাধুভাষায় পরিবর্তিত করো ।

৫ । যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) সাধু রীতি থেকে চলিত রীতিতে দুটি সর্বনাম পদের রূপান্তর দেখাও ।

(খ) চলিত রীতির দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো ।

৬ । যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫

(ক) সাধু রীতির পাঁচটি বৈশিষ্ট্য উল্লেখ করো ।

(খ) সাধু ও চলিত ভাষার উদাহরণসহ পাঁচটি পার্থক্য লেখো ।

## UNIT—III

৭ । যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) বাংলায় স্বরবর্ণ কয়টি ?

(খ) আকাদেমি বানান অনুসারে ক্রিয়াপদের কোন্ রূপের শেষ বর্ণে ও-কার বর্জনীয় ?

(গ) আকাদেমি বানান অনুসারে অনুজ্ঞাবাচক শব্দের ক্রিয়ার শেষ ব্যঞ্জনে কী চিহ্ন ব্যবহার হয় ?

(ঘ) আকাদেমি বানান অনুসারে মূল তৎসম শব্দের ঈ-কার উ-কার কখন রক্ষিত হয় ?

৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি অনুসারে বিদেশি বানানের ক্ষেত্রে 'ষ' এবং 'স'-এর মধ্যে কোনটি ব্যবহৃত হয়? এর একটি উদাহরণ দাও।

(খ) আকাদেমি বানান মতে 'আলি' প্রত্যয় যুক্ত শব্দে 'ই'-কার হবে না 'ঈ'-কার হবে? একটি শব্দের উল্লেখ করে বুঝিয়ে দাও।

৯। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫

(ক) পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি গৃহীত বাংলা বানানবিধির যে কোনো পাঁচটি বৈশিষ্ট্য লেখো।

(খ) অশুদ্ধি সংশোধন করো (যে কোনো পাঁচটি) :

শশিভুষণ ; উচ্ছাস ; শারিরীক ; মুমুর্ষ ; পরিস্কার ; সায়াহ্ন ; সান্মাষিক ; কৌতুহল।

## UNIT—IV

১০। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) 'বঙ্গভাষা' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?

(খ) 'মায়ের দেওয়া মোটা কাপড়' কবিতাটি কোন্ প্রেক্ষাপটে রচিত?

(গ) মানকুমারী বসুর জন্ম কবে হয়েছিল?

(ঘ) 'মজিনু বিফল তপে অবরেণ্যে বরি ;'—কোন্ কবিতার অংশ?

১১। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) 'ঊনবিংশ শতকের গীতিকবিতা সংকলন'—এর সম্পাদক দুজনের নাম লেখো।

(খ) 'আয়রে আমরা মায়ের নামে এই প্রতিজ্ঞা করব ভাই ;'
— এখানে কী প্রতিজ্ঞার কথা বলা হয়েছে?

১২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫

(ক) 'বঙ্গভাষা' কবিতার সারমর্ম লেখো।

(খ) 'স্বাধীনতা সঙ্গীত' কবিতায় কবির যে ভাবনার পরিচয় পাওয়া যায় তা ব্যাখ্যা করো।

## UNIT—V

১৩। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) কপালকুণ্ডলা কে?

(খ) 'কপালকুণ্ডলা' উপন্যাসের প্রথম খণ্ডে কালিদাসের কোন্ সংস্কৃত কাব্যের নাম উল্লেখ আছে?

(গ) কপালকুণ্ডলার পালকপিতার নাম কী?

(ঘ) নবকুমারের বাড়ি কোথায় ছিল?

১৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) 'কপালকুণ্ডলা' উপন্যাসের কয়টি খণ্ড? প্রথম খণ্ডে কয়টি পরিচ্ছেদ রয়েছে?

(খ) ''পথিক তুমি কি পথ হারাইয়াছ?'' উক্তিটি কে, কাকে করেছিল?

১৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫

(ক) 'কপালকুণ্ডলা' উপন্যাসের প্রথম খণ্ড অবলম্বনে নবকুমার চরিত্রটি বিশ্লেষণ করো।

(খ) ''বুঝিলেন যে, এ ব্যক্তি কাপালিক।'' কাপালিক সম্বন্ধে নবকুমারের এই ভাবের প্রেক্ষাপট বিশ্লেষণ করো।

★ ★ ★